



আগামীর শিক্ষা হবে জ্ঞান ও দক্ষতানির্ভর: মাহদী আমিন



মাহদী আমিন। ছবি: সংগৃহীত

শিক্ষার্থীদের বাস্তব জীবনের উপযোগী করে গড়ে তুলতে জ্ঞান ও দক্ষতার সমন্বয়ে আধুনিক শিক্ষাব্যবস্থা গড়ার ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা ও প্রাথমিক গণশিক্ষাবিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। তিনি বলেন, পাঠ্যবইয়ের পাশাপাশি শিল্পখাতের সংযোগ, সহশিক্ষা কার্যক্রম ও বাস্তব অভিজ্ঞতা জরুরি। বৃহস্পতিবার (১৪ মে) রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে গ্রীষ্মকালীন সেমিস্টার ২০২৬-এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ৯৮ জন শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হয়, যার মধ্যে ১৮ জন পেয়েছেন শতভাগ মেধাবৃত্তি।

মাহদী আমিন আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চার পাশাপাশি নৈতিকতা, শৃঙ্খলা ও সত্যতার কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে, যাতে শিক্ষার্থীরা দক্ষ ও দায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে পারে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আজিজ আল কায়সার ও অন্যান্য সদস্যরা বক্তব্য দেন। সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। শেষে সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়।